

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

বিআরপিডি সার্কুলার নং- ১৯

ডিসেম্বর ২৭, ২০১২  
তারিখ : -----  
পৌষ ১৩, ১৪১৯

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

ঋণ শ্রেণীকরণ ও প্রতিশোধ

শিরোনামোক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার নং-১৪, তারিখ- সেপ্টেম্বর ২৩, ২০১২ ও সংযুক্ত সিএল ফরম্যাটগুলোর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

অপেক্ষাকৃত ক্ষুদ্র ঋণগ্রহীতাদের মাধ্যমে দ্রুত অর্থনৈতিক প্রবৃদ্ধি ত্বরান্বিত এবং আর্থিক অন্তর্ভুক্তি উৎসাহিত করার লক্ষ্যে উক্ত সার্কুলারে নিম্নলিখিত সংশোধনী আনা হলোঃ

১. “২. ক) (৪) ব্যাংক কোম্পানি আইন, ১৯৯১ এর ধারা ২৭কক(৩) [ধারা ৫(গগ) এর সঙ্গে পড়তে হবে] এর আওতায় “স্পেশাল মেনশন একাউন্ট” ও “নিম্ন মান” হিসেবে শ্রেণীকৃত স্বল্প মেয়াদী কৃষি ও ক্ষুদ্র ঋণ ব্যতীত অন্যান্য ঋণসমূহ খেলাপী ঋণ হিসেবে গণ্য হবে না। তবে ১০.০০ লক্ষ টাকা পর্যন্ত “নিম্ন মানে” শ্রেণীকৃত মেয়াদী ঋণ খেলাপী ঋণ হিসেবে গণ্য হবে।”

২. “২. ক) (৭)ঃ

(ক) ১০.০০ লক্ষ টাকা পর্যন্ত মেয়াদী ঋণের কোন কিস্তি বা কিস্তির অংশ নির্ধারিত তারিখের মধ্যে পরিশোধিত না হলে অপরিশোধিত কিস্তি ‘মেয়াদোত্তীর্ণ কিস্তি’ হিসেবে গণ্য হবে। এ ধরনের মেয়াদী ঋণের ক্ষেত্রেঃ

i. যদি মেয়াদোত্তীর্ণ কিস্তির পরিমাণ ০৬ (ছয়) মাস সময়ের মধ্যে প্রদেয় কিস্তির সমান বা অধিক হয়, তাহলে সম্পূর্ণ ঋণটি “নিম্ন মান” হিসেবে শ্রেণীবিন্যাসিত হবে।

ii. যদি মেয়াদোত্তীর্ণ কিস্তির পরিমাণ ০৯ (নয়) মাস সময়ের মধ্যে প্রদেয় কিস্তির সমান বা অধিক হয়, তাহলে সম্পূর্ণ ঋণটি “সন্দেহজনক” হিসেবে শ্রেণীবিন্যাসিত হবে।

iii. যদি মেয়াদোত্তীর্ণ কিস্তির পরিমাণ ১২ (বারো) মাস সময়ের মধ্যে প্রদেয় কিস্তির সমান বা অধিক হয়, তাহলে সম্পূর্ণ ঋণটি “মন্দ/ক্ষতিজনক” হিসেবে শ্রেণীবিন্যাসিত হবে।

(খ) ১০.০০ লক্ষ টাকার বেশী অংকের মেয়াদী ঋণের কোন কিস্তি বা কিস্তির অংশ নির্ধারিত তারিখের মধ্যে পরিশোধিত না হলে অপরিশোধিত কিস্তি “মেয়াদোত্তীর্ণ কিস্তি” হিসেবে গণ্য হবে। এ ধরনের মেয়াদী ঋণের ক্ষেত্রেঃ

- i. যদি মেয়াদোত্তীর্ণ কিস্তির পরিমাণ ০৩ (তিন) মাস সময়ের মধ্যে প্রদেয় কিস্তির সমান বা অধিক হয়, তাহলে সম্পূর্ণ ঋণটি “নিম্ন মান” হিসেবে শ্রেণীবিন্যাসিত হবে।
- ii. যদি মেয়াদোত্তীর্ণ কিস্তির পরিমাণ ০৬ (ছয়) মাস সময়ের মধ্যে প্রদেয় কিস্তির সমান বা অধিক হয়, তাহলে সম্পূর্ণ ঋণটি “সন্দেহজনক” হিসেবে শ্রেণীবিন্যাসিত হবে।
- iii. যদি মেয়াদোত্তীর্ণ কিস্তির পরিমাণ ০৯ (নয়) মাস সময়ের মধ্যে প্রদেয় কিস্তির সমান বা অধিক হয়, তাহলে সম্পূর্ণ ঋণটি “মন্দ/ক্ষতিজনক” হিসেবে শ্রেণীবিন্যাসিত হবে।

ব্যাখ্যাঃ যদি কোন মেয়াদী ঋণ মাসিক কিস্তিতে পরিশোধযোগ্য হয় তাহলে ৬ মাস সময়ের মধ্যে প্রদেয় কিস্তির পরিমাণ হবে ৬টি মাসিক কিস্তির যোগফলের সমান। অনুরূপভাবে ত্রৈমাসিক কিস্তিতে পরিশোধযোগ্য হলে ৬ মাস সময়ের মধ্যে প্রদেয় কিস্তির পরিমাণ হবে দুইটি ত্রৈমাসিক কিস্তির যোগফলের সমান।

এ সার্কুলার অবিলম্বে কার্যকর হবে এবং বিআরপিডি সার্কুলার নং-১৪, তারিখ সেপ্টেম্বর ২৩, ২০১২ এর অন্যান্য নির্দেশনা ও সংযুক্ত সিএল ফরম্যাটগুলো অপরিবর্তিত থাকবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

স্বাক্ষরিত

(মোঃ আনোয়ারুল ইসলাম)

উপমহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০০৯৪